

সোমবার, ৪ঠা জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

# আজকের কুমিল্লা

প্রচ্ছদ

## কুমিল্লায় সর্বোচ্চ কর দাতাদের সম্মাননা প্রদান

আজকের কুমিল্লা ডট কম :

ডিসেম্বর ১১, ২০২০



### স্টাফ রিপোর্টার:

কুমিল্লায় জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ পালিত হয়েছে। কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের উদ্যোগে কুমিল্লা নগরীর সিটি পার্ক সংলগ্ন এস ইসলাম পার্ক ভিউ ভবনের কমিশনার কার্যালয়ের দ্বিতীয় তলার মেঘনা সম্মেলন কেন্দ্রে ওই অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে জাতীয় অর্থনৈতিক উন্নয়নে ভ্যাটের ভূমিকা নিয়ে আলোচনা করা হয়। প্রাণঘাতি করোনা ভাইরাসের কথা মাথায় রেখে স্বাস্থ্যবিধি মেনে সেমিনার অংশগ্রহণ করেন সবাই। সেমিনারে কুমিল্লা কাস্টমসের উৎ্বর্তন কর্মকর্তা, করদাতা ও ব্যবসায়িক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। তাছাড়া, ওয়েবিনারের মাধ্যমেও কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অধিনস্ত আরো পাঁচটি জেলা যথা ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী জেলার কর্মকর্তা, করদাতা ও ব্যবসায়িক নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। এ বছর দিবসটির প্রতিপাদ্য ছিলো মুজিববর্ষের অঙ্গীকার ইএফডিতে এনবিআর।

অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে, কুমিল্লা কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনার মো: বেলাল হোসাইন চৌধুরী বলেন, কুমিল্লা কাস্টমস আজ সারা বাংলাদেশে অনলাইন রিটার্ন সাবমিট, সাটিফিকেট মামলা নিষ্পত্তি, রাজস্ব আহরণ সহ সবকিছুতেই প্রথম স্থান অধিকার করেছে। সকলের আন্তরিকতা আছে বলেই এটা সম্ভব হয়েছে। তিনি বলেন, দেশের শিক্ষিত ও সুনাগরিকরা কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলে বসবাস করে। তারা অনলাইনে রিটার্ন সাবমিটে পরপর তিন বার



জাতীয়ভাবে চ্যাম্পিয়ন হয়েছে। তিনি বলেন, দেশের অর্থনীতির সিংহভাগ রাজস্ব আসে ভ্যাট থেকে। ভ্যাট প্রদানের ক্ষেত্রে মানুষ যত সচেতন ও দেশপ্রেমী হবে দেশ তত উন্নত হবে। তিনি বলেন, দেশের উন্নয়নের যাত্রা বঙ্গবন্ধুর হাত ধরেই শুরু হয়েছিলো। আজ বঙ্গবন্ধুর সেই সোনার বাংলা বিনির্মানের দ্বার প্রান্তে। বহুল কাঞ্চীত পদ্মা বহুমুখী সেতুর ৪১তম স্প্যান বসানোর মাধ্যমে জাতি আরো একধাপ এগিয়ে গেলো। দেশের মানুষকে কর প্রদানে অনুপ্রাণিত করার জন্য মিডিয়ার সদস্যদের শাণিত কলম ব্যবহার সহ ভূমিকা রাখার জন্যও অনুরোধ জানান। সর্বোপরি যারা সর্বোচ্চ ভ্যাটদাতা পুরস্কার পেয়েছেন তাদের অভিনন্দন জানান তিনি।

কুমিল্লা কাস্টমসের যুগ্ম কমিশনার মো: মুশফিকুর রহমানের সভাপতিত্বে এবং সহকারী রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নূর-ই-আলম, কাজী শারমিন সুলতানার সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন, অতিরিক্ত কমিশনার মোঃ আব্দুল হাকিম, সহকারী কমিশনার মোহাম্মদ ছালাউদ্দিন রিপন। কী-নোট পেপার উপস্থাপন করেন যুগ্ম কমিশনার মো: মুশফিকুর রহমান।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে তিনটি প্রতিষ্ঠানকে সর্বোচ্চ ভ্যাট প্রদানে বিশেষ অবদান রাখায় সম্মাননা ক্রেস্ট, সার্টিফিকেট ও উপহার সামগ্রী প্রদান করেন কাস্টমস কমিশনার। সম্মান প্রাপ্ত তিনটি প্রতিষ্ঠানগুলো হচ্ছে সফিউল আলম স্টীল রি঱োলিং মিলস লি:, কুমিল্লা ইনফিনিটি শোরুম এবং বনফুল এন্ড কোং লি:।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, কুমিল্লা চেষ্টার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের পরিচালক জামাল আহমদ, ফরিদ গ্রুপের পরিচালক দোলোয়ার হোসেন মানিক সহ জেএমআই, কোকাকোলা সহ বিভিন্ন নামি দামী কোম্পানীর প্রতিনিধিগণ।